

ফাতওয়া নাম্বার: ১৭০

প্রকাশকাল: ২৮-০৪-২০২১ ইং

মান্নতের জিনিস কি জিহাদের কাজে ব্যয় করা যাবে?

প্রশ্ন:

মান্নতের জিনিস বা তার মূল্য কি জিহাদের কাজে ব্যয় করা যাবে? উদাহরণত, কেউ মান্নত করল, তার ছেলে সুস্থ হলে মাদ্রাসায় অথবা মসজিদে এক হাজার টাকা বা একটা খাসি দিবে। এখন সেই টাকা বা খাসির মূল্য জিহাদের কাজে ব্যয় করা হলে কি মান্নত আদায় হবে?

প্রশ্নকারী- আবু মুহাম্মাদ

উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله و الصلاة والسلام على رسول الله، أما بعد

যিনি মান্নত করেছেন, তার জন্য নিজের মান্নতের বস্ত্র বা অর্থ যে প্রতিষ্ঠানে বা যে ব্যক্তিকে দেয়ার মান্নত করেছেন, সেই প্রতিষ্ঠানে বা সেই ব্যক্তিকে দেয়া জরুরি নয়। তিনি চাইলে অন্য প্রতিষ্ঠানে কিংবা অন্য ব্যক্তিকেও দিতে পারেন।

পক্ষান্তরে তিনি যদি তার মান্নতের বস্ত্র বা অর্থ নির্দিষ্ট কোনো প্রতিষ্ঠান বা ব্যক্তিকে দেয়ার দায়িত্ব আপনাকে অর্পণ করেন, তখন আপনার জন্য তা নির্দিষ্ট প্রতিষ্ঠান বা ব্যক্তিকে দেয়া জরুরি। তার অনুমতি ব্যতীত ব্যতিক্রম করা জায়েয নয়। সুতরাং তিনি যদি তা জিহাদি সংগঠনে দেয়ার অনুমতি দিয়ে থাকেন বা বিশেষ কোনো ব্যক্তি বা খাত নির্ধারিত না করে আপনার এখতিয়ার দিয়ে থাকেন, তাহলে উক্ত মান্নতের বস্ত্র বা অর্থ আপনি জিহাদের ফাভের দিতে পারবেন ইনশাআল্লাহ। তবে মান্নতের টাকা জিহাদের ফাভে বা অন্য যে কোনো প্রতিষ্ঠানে দিলে অবশ্যই বলে দিতে হবে, এটা মান্নতের অর্থ। যাতে দায়িত্বশীলরা তা মান্নতের খাতে ব্যয় করতে পারেন। কারণ, মান্নতের খাত নির্ধারিত; যে কোনো খাতে তা ব্যয় করা যায় না। -ফতোয়া শামি: ৩/৭৪০-৭৪১; ২/৩৩৯

এই ফতোয়াটিও দেখতে পারেন। ফতোয়া নং ১৪৪: [দ্বীনের যে কোনো কাজে ব্যয় করার উদ্দেশ্যে প্রদত্ত সাদাকা কি জিহাদের কাজে ব্যয় করা যাবে?](#)

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

১৯-০৯-১৪৪২ হি.

০২-০৫-২০২১ ঈ.

